



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৩৩.২৪.৩৫০

তারিখ: ৮ বৈশাখ ১৪৩১

২১ এপ্রিল ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ২২৪৭/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২২৪৭/২০২৪-এর ২৫/০২/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সুজানগর উপজেলাধীন আহম্মদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে অংশগ্রহণের লক্ষ্যে জনাব মোঃ স্বপন মিয়া কর্তৃক দাখিলকৃত মনোনয়নপত্র বাতিল করা হয়। ফলে পিটিশনার মোঃ স্বপন মিয়া সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২২৪৭/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন-কে ২নং এবং উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা-কে ৪নং প্রতিপক্ষসহ মোট চার জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২২৪৭/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8743/potrojariAttachmentRef/53630/0/2240)

২১-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lgdlaw1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,  
পাবনা সদর, পাবনা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৩৩.২৪.৩৫০/১(৫)

তারিখ: ৮ বৈশাখ ১৪৩১

২১ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২১-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব